# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: | ১ | ১ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** জনাব রফিক একজন সরকারী চাকরীজীবী। তিনি শহর থেকে একটু দূরে একটি বাড়ির জায়গা নিলেন। কিছু দুস্কৃতিকারী জায়গাটি দখলের অপচেষ্টা চালায়। রফিক সাহেব ভূমি জরিপ অফিস থেকে বিষয়টি মিমাংসা করলেন।


ক. ভূসংস্থানিক মানচিত্রের অপর নাম কী? ১

খ. আন্তর্জাতিক প্রতীক চিহ্ন কী? ব্যাখ্যা কর। ২

গ. রফিক সাহেব কোন মানচিত্রের মাধ্যমে বিষয়টি মিমাংসা করলেন ব্যাখ্যা কর। ৩

ঘ. মানচিত্রের প্রয়োজনীয়তা কী উদ্দীপকের বিষয়টি মিমাংসা করাই যথেষ্ট? তোমার বক্তব্যের পক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ




ক. বাংলাদেশ কোন গোলার্ধে অবস্থিত? ১

খ. প্রতিবাদ স্থান বলতে কী বুঝ? ২

গ. সেক্সট্যান্ট যন্ত্রের সাহায্যে কীভাবে 'A' অংশ নির্ণয় করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'B' রেখা নির্ণয়ের জন্য তুমি কোন পদ্ধতি গ্রহণ করবে বিশ্লেষণ কর। ৪

৩.▶ বর্তমানে মোবাইল ফোন, টিভি, কম্পিউটার ইত্যাদি ব্যবহার হচ্ছে। এসব বিজ্ঞানের বিস্ময়কর অবদান। এগুলি মানব কল্যাণে ব্যবহৃত হচ্ছে।


ক. বায়ুমন্ডলে অক্সিজেনের পরিমাণ কত? ১

খ. আবহাওয়া ও জলবায়ু বলতে কী বুঝ? ২


গ. উদ্দীপকটি বায়ুমন্ডলের কোন স্তরের সঙ্গে সম্পর্কযুক্ত ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত অবদান ছাড়া বায়ুমন্ডলের স্তরগুলি পৃথিবীর কল্যাণে কী অবদান রাখে বিশ্লেষণ কর। ৪

৪.▶



চিত্র- ১



চিত্র- ২

ক. অবক্ষেপণ কি? ১

খ. ১নং চিত্রের ভূমি কীভাবে সৃষ্টি হয়েছে? ২

গ. বাংলাদেশের কোন এলাকা ক্ষয়জাত ভূমি-ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-২ এর ভূমি বাংলাদেশের কোন কোন জেলায় অবস্থিত এবং কীভাবে সৃষ্টি হয়েছে বিশ্লেষণ কর। ৪

৫.▶ রাহাত শীত প্রধান দেশের উপকূলে প্রবাস জীবন যাপন করছে। সে জানতে পারল যে, ঐ দেশের জলবায়ুর উপর সমুদ্রস্রোত প্রত্যক্ষ ভূমিকা পালন করে। আবার পরিবহন ব্যবস্থাও উষ্ণ ও শীতল স্রোত দ্বারা প্রভাবিত হয়।

ক. প্লাংটন কী? ১

খ. উষ্ণ ও শীতল স্রোত পরিবহন ব্যবস্থার উপর প্রভাব রাখে? ২

গ. সমুদ্রে সৃষ্ট জোয়ার ভাটার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. গভীর সমুদ্রের প্রাপ্ত সম্পদগুলি আমাদের জাতীয় জীবনে কী কল্যাণ আনে-বিশ্লেষণ কর। ৪

৬.▶ আফজাল উচ্চ শিক্ষার জন্য যুক্তরাজ্যে গেল। পড়া শেষে সে যুক্তরাজ্যে বসতি স্থাপন করে।

https://teachingbd24.com


ক. কার্যকর ভূমি কী? ১

খ. অভিবাসন বলতে কী বুঝ? ২

গ. আফজাল কোন প্রকৃতির অভিবাসন করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের অভিবাসনের ফলে জনবৈশিষ্ট্য প্রভাব কি বিশ্লেষণ কর। ৪

৭.▶




ক. নগর সভ্যতার সূতিকাগার কোন দেশ? ১

খ. গোষ্ঠীবন্ধ বসতি কীভাবে নগরে পরিণত হয়? ২

গ. পুঞ্জীভূত ও বিক্ষিপ্ত বসতি গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. অপরিকল্পিত নগরায়নের ফলে সৃষ্ট সমস্যাগুলি বিশ্লেষণ কর। ৪

৮.▶ শামীম সাহেব একজন শিল্পপতি। উনার শিল্প প্রতিষ্ঠানগুলো ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম রয়েছে। বর্তমানে উনার উৎপাদিত পণ্য বিশ্ববাজারে প্রতিযোগিতার সম্মুখীন।

ক. ভারতের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক কোন ধরনের? ১

খ. বাণিজ্য ঘাটতি কি? ব্যাখ্যা কর। ২

গ. শামীম সাহেবের শিল্পগুলি উক্ত অঞ্চলগুলোতে গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. শামীম সাহেবের উৎপাদিত পণ্যগুলি কীভাবে বিশ্ববাজারে টিকে থাকবে যুক্তি দেখাও। ৪

https://teachingbd24.com

৯.▶ নদী ভাঙানের ফলে নাছিমা ঢাকা এসে একটি শিল্প কারখানায় চাকরি নিয়েছে। যা বর্তমানে 'বিলিয়ন ডলার' শিল্পনামে পরিচিত।

ক. মহানন্দা কোন নদীর উপনদী? ১

খ. বাংলাদেশের নদীগুলির নাব্যতা কীভাবে রক্ষা করা যায়? ২

গ. নদী ও জলাশয় ভরাটের কারণে জনজীবনে কী দুর্ভোগ সৃষ্টি হয় ব্যাখ্যা কর। ৩

ঘ. নাছিমার কর্মরত প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে কী অবদান রাখছে? বিশ্লেষণ কর। ৪

১০.▶

| বনভূমি | অঞ্চল |
|---|---|
| A | খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, সিলেট, চট্টগ্রাম |
| B | ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর, রংপুর, দিনাজপুর |
| C | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট |

teachingbd24.com

ক. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কি? ১

খ. C অঞ্চলের বনভূমি সৃষ্টির কারণ কী? ২

গ. A ও B অঞ্চলের বনভূমি সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বনভূমিগুলি অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় কতটুকু যথার্থ-যুক্তি দেখাও। ৪

১১.▶ আসিক তার বন্ধুদের নিয়ে একটি প্রাকৃতিক দুর্যোগ কবলিত এলাকায় গিয়েছিল। সেখানকার অবস্থা এতটাই ভয়াবহ যে, তা দেখে আসিক খুবই মর্মাহত।

ক. দুর্যোগ কী? ১

খ. দুর্যোগ ব্যবস্থাপনার পূর্ব প্রস্তুতি বলতে কী বুঝ? ২

গ. দুর্যোগ ব্যবস্থাপনার কাঠামোগত ও অকাঠামোগত প্রতিরোধ ব্যাখ্যা কর। ৩

ঘ. দুর্যোগ পরবর্তী জনগণের করণীয় পদক্ষেপগুলি কি বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট     পূর্ণমান— ৩০     বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **ভৌত পরিবেশের উপাদান কোনটি?**
ক আচার আচরণ   খ উৎসব অনুষ্ঠান
গ রীতিনীতি   ঘ সাগর

২. **সম্পদ সংরক্ষণের জন্য জরুরি কোনটি?**
ক দায়িত্বশীলতা
খ জনগণের সচেতনতা
গ উত্তম ব্যবস্থাপনা
ঘ সরকারের সচেতনতা

**উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
শ্রেণিশিক্ষক ক্লাসে বাংলাদেশের ভূপ্রকৃতি সংক্রান্ত আলোচনায় বললেন আমরা বর্তমান যে বাংলাদেশকে দেখি পূর্বে তা এমন ছিল না। বাংলাদেশের অধিকাংশ পাহাড় একটা যুগে উত্থিত হয়েছে।

৩. **কোন পর্বত উত্থিত হওয়ার সময় বাংলাদশের অধিকাংশ পাহাড় উত্থিত হয়েছে?**
ক রকি   খ হিমালয়
গ আল্পস   ঘ কিলিমানজারো

৪. **উদ্দীপকের আলোচিত পাহাড়গুলো গঠিত-**
i. বেলেপাথর দ্বারা
ii. শেল দ্বারা
iii. কর্দম দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

৫. **কোন শিল্পের মাধ্যমে বিশ্বের সকল দেশের সাথে ভ্রাতৃত্বসূলভ সম্পর্ক গড়ে উঠে?**
ক বস্ত্র শিল্প   খ পর্যটন শিল্প
গ পাট শিল্প   ঘ পোশাক শিল্প

৬. **মহাকাশের সবচেয়ে বড় নক্ষত্র দেখায় কোনটি?**
ক প্রক্সিমা সেন্টারাই   খ কৃষ্ণ গহ্বর
গ সূর্য   ঘ কালপুরুষ

৭. **বরফের ঘরে বাস করে কোন অঞ্চলের লোকেরা?**
ক তুন্দ্রা   খ ভূমধ্যসাগরীয়
গ মহাদেশীয়   ঘ নিরক্ষীয়

৮. **আগের দিনে কিসের উপর মানচিত্র অঙ্কন করা হতো?**
ক কাগজের উপর   খ মাটির উপর
গ কাপড়ের উপর   ঘ গাছের উপর

৯. **ল্যাকোলিথ পর্বত কী দ্বারা গঠিত?**
ক পলি   খ লাভা
গ ম্যাগমা   ঘ ভস্ম

**উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
রমজান মিঞা তার উৎপাদিত পন্য বরিশাল থেকে ঢাকা নিয়ে আসেন। সে যে পথ ব্যবহার করেন তাতে তার একটু সময় বেশি লাগলেও পরিবহন খরচ কম হয়

১০. **রমজান মিঞা কোন পথ ব্যবহার করেন?**
ক সড়কপথ   খ নৌপথ
গ রেলপথ   ঘ আকাশ পথ

১১. **উক্ত পরিবহন বাংলাদেশের অর্থনীতিতে ভূমিকা রাখে-**
i. পণ্য পরিবহন করে
ii. যাত্রী পরিবহন করে
iii. পর্যটক আকর্ষণ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১২. **বাংলাদেশের পাহাড়সমূহ কোন যুগে সৃষ্টি হয়েছে?**
ক টারশিয়ারী   খ প্লাইস্টোসিন
গ সাম্প্রতিককালে   ঘ মধ্যযুগে

১৩. **কোন শিল্পের কাঁচামাল হিসেবে গ্যাস ব্যবহার হয়?**
ক কাঁচ   খ নির্মাণ শিল্প
গ সার   ঘ পোশাক

১৪. **যোগাযোগ ব্যবস্থা কাকে প্রভাবিত করে?**
ক ব্যবসাকে   খ ব্যবস্থাপনাকে
গ বাণিজ্যকে   ঘ রাজনৈতিক অবস্থাকে

১৫. **সমুদ্রের কোথায় পানির ঘনত্ব বেশি?**
ক মোহনায়
খ উপকূলে
গ সমুদ্রের মাঝখানে
ঘ যেখানে লবণাক্ততা বেশি

Teachingbd24.com

উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:

তোরাব বরিশালের অধিবাসী। সোরাব বান্দরবানের বাসিন্দা। তোরাবের এলাকাটি ঘনবসতিপূর্ণ। সোরাবের এলাকার লোকজন, ঘরবাড়ির সংখ্যা কম।

**১৬. সমুদ্র সমতল হতে তোরাবের এলাকাটি-**
ক) একই তলে অবস্থিত
খ) ক্রমশ ঢাল বিশিষ্ট
গ) ক্রম নিম্ন ঢালবিশিষ্ট
ঘ) নিম্নতলে অবস্থিত

**১৭. তোরাবের এলাকার বৈশিষ্ট্য হচ্ছে-**
i. ভূমির ঢাল খুব কম
ii. বন্ধুরতা খুব কম
iii. ভূ-প্রাকৃতিক প্রক্রিয়ার ফলে সৃষ্ট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৮. কোন সময় দুর্যোগ ব্যবস্থাপনার বেশি কাজ সম্পন্ন করতে হয়?**
ক) দুর্যোগ প্রশমন সময়
খ) দুর্যোগ পুর্ব সময়
গ) দুর্যোগ পুনরুদ্ধার সময়
ঘ) দুর্যোগের সময়

**১৯. কোন পর্যায়ের কার্যাবলিতে মানুষ উৎপাদিত সামগ্রীর উপযোগিতা বৃদ্ধি করে?**
ক) প্রথম খ) দ্বিতীয়
গ) তৃতীয় ঘ) চতুর্থ

**২০. কোন বৃষ্টিপাত দীর্ঘস্থায়ী হয়?**
ক) পরিচলন বৃষ্টি খ) শৈলোৎক্ষেপ বৃষ্টি
গ) ঘূর্ণি বৃষ্টি ঘ) সংঘর্ষ বৃষ্টি

**২১. সমুদ্র স্রোত হচ্ছে-**
i. উষ্ণ স্রোত
ii. শীতল স্রোত
iii. জোয়ার ভাটা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২২. গম চাষের উপযোগী মাটি কোনটি?**
ক) বেলে মাটি খ) পলি মাটি
গ) দোআঁশ মাটি ঘ) এটেল মাটি

**২৩. জনসংখ্যার ঘনত্ব কোন অঞ্চলে সবচেয়ে কম?**
ক) সমভূমিতে খ) পঙ্গা উপত্যকায়
গ) উপকূলে ঘ) পাহাড়ী এলাকায়

**২৪. সূর্য থেকে নেপচুন গ্রহের দূরত্ব কত?**
ক) ২৩০ কোটি খ) ৩৭০ কোটি
গ) ৪৫০ কোটি ঘ) ৪৭০ কোটি

**২৫. মানুষের প্রাথমিক পরিবেশের উপাদান হচ্ছে-**
i. মাটি, পানি
ii. বায়ু
iii. উদ্ভিদ ও প্রাণী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৬. 'ক' শহরের দ্রাঘিমা ৭০°৪৫' পূর্ব এবং 'খ' শহরের দ্রাঘিমা ১৫°১৫' পুর্ব। 'ক' শহরের স্থানীয় সময় সকাল ৭টা হলে 'খ' শহরের স্থানীয় সময় কত?**
ক) ভোর ৪টা ১৮ মিনিট
খ) ভোর ৩টা ১৮ মিনিট
গ) ভোর ৫টা ৩৮ মিনিট
ঘ) ভোর ৩টা ২৮ মিনিট

**২৭. কোনো স্থানের সারা বছরের বায়ুমণ্ডলের নিম্নস্তরের সামগ্রিক অবস্থানকে কি বলে?**
ক) আবহাওয়া খ) জলবায়ু
গ) বায়ুর চাপ ঘ) বায়ুর আর্দ্রতা

উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:

শাহিনা ও শেফালির দুই পরিবার সাধারণ বসতি থেকে বহু দূরে বাস করেন। এদের অবস্থান অতি ক্ষুদ্র বসতি অপর ক্ষুদ্র বসতি থেকে অনেক দূরে অবস্থান করে।

**২৮. শাহিনা ও শেফালির বসতি কোন প্রকৃতি?**
ক) গ্রামীণ খ) রৈখিক
গ) সংঘবদ্ধ ঘ) বিচ্ছিন্ন

**২৯. বিক্ষিপ্ত বসতি গড়ে ওঠার পেছনে কাজ করে থাকে-**
i. সামাজিক কারণ
ii. প্রাকৃতিক কারণ
iii. সাংস্কৃতিক কারণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩০. আমরা পরিবেশ হতে কি সম্পদ ব্যবহার করি?**
ক) মানব সম্পদ খ) জলজ সম্পদ
গ) প্রাকৃতিক সম্পদ ঘ) বনজ সম্পদ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com